# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, ই-১৩/ডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

http://npcbl.gov.bd




নং - ৩৯.১০.০০০০.০০০.১০২.১১.০০০২.২৬-০৮ তারিখ : ১৮ জানুয়ারি ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি-১

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের অন-সাইট ফায়ার স্টেশন এবং Security & Physical Protection Service Division-এর জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনা মোতাবেক বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

**ক. Security & Physical Protection Service Division-এর জনবল :**

| নং | পদের নাম ও গ্রেড | মাসিক মূল বেতন (টাকা) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও ন্যূনতম অভিজ্ঞতা | আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | প্রকৌশলী (সার্ভার) [গ্রেড-৮] | ৬২,৪০০/- | ০৪ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক (৪ বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি | • প্রতিটি পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।<br>• ক্রমিক নং ০১ হতে ১২ পর্যন্ত ক্রমিকের প্রার্থীদের কম্পিউটার অ্যাপ্লিকেশনে বিশেষভাবে এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও এমএস পাওয়ার পয়েন্ট এবং ইউনিকোড টাইপিং-এ দক্ষতা থাকতে হবে।<br>• মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।<br>• শারীরিক যোগ্যতা :<br>পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি; ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের এবং ক্রটিমুক্ত শারীরিক গঠন থাকতে হবে।<br>নারী প্রার্থীদের ক্ষেত্রে : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ১ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ২৮ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩০ ইঞ্চি; ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের এবং ক্রটিমুক্ত শারীরিক গঠন থাকতে হবে।<br>• আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ক্রমিক নং- ৬ ও ৭ এর ক্ষেত্রে ৩৫ (পঁয়ত্রিশ) বছর ও অন্যান্য ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বছর। |
| ২ | প্রকৌশলী (কোয়ালিটি) [গ্রেড-৮] | ৬২,৪০০/- | ০১ | | |
| ৩ | প্রকৌশলী (সফটওয়্যার/ প্রোগ্রামিং) [গ্রেড-৮] | ৬২,৪০০/- | ০১ | | |
| ৪ | প্রকৌশলী (সাইবার সিকিউরিটি) [গ্রেড-৮] | ৬২,৪০০/- | ০১ | | |
| ৫ | প্রকৌশলী (ইলেকট্রনিক্স) [গ্রেড-৮] | ৬২,৪০০/- | ১০ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্সে স্নাতক ৪ (বছর)/ স্নাতকোত্তর ডিগ্রি বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি | |
| ৬ | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী (এ্যাক্সেস কন্ট্রোল এন্ড সিকিউরিটি এলারম) [গ্রেড-৯] | ৫২,৮০০/- | ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক্স টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-সহ সরকারি/ বেসরকারি কোনো প্রতিষ্ঠানে আইটি ভিত্তিক অ্যাক্সেস কন্ট্রোল ব্যবস্থাপনা/ মনিটরিং সংশ্লিষ্ট ক্ষেত্রে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা | |
| ৭ | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক মেইনটেন্যান্স) [গ্রেড-৯] | ৫২,৮০০/- | ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেকট্রনিক্স টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-সহ সরকারি/ বেসরকারি কোনো প্রতিষ্ঠানে আইটি ভিত্তিক অপটিক্যাল এন্ড ইলেকট্রনিক অবজারভেশন সিস্টেম ব্যবস্থাপনা/ মনিটরিং সংশ্লিষ্ট ক্ষেত্রে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ সাব-অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার বা সমমানের পদে ৪ (চার) বছর চাকুরির অভিজ্ঞতা | |
| ৮ | উপ-সহকারী প্রকৌশলী (এ্যাক্সেস কন্ট্রোল এন্ড সিকিউরিটি এলারম) [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ১৫ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইলেট্রনিক টেকনোলজি/ ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ টেলিকমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার টেকনোলজি/ কম্পিউটার এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং | |
| ৯ | উপ-সহকারী প্রকৌশলী (অপটিক্যাল এন্ড ইলিকট্রনিক অবসারভেশন সিস্টেম) [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ১৫ | | |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী (ইলেট্রনিক মেইনটেন্যান্স) [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ০৩ | | |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (সাইবার সিকিউরিটি এনালিস্ট) [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ০৫ | | |
| ১২ | উপ-সহকারী ব্যবস্থাপক (সিকিউরিটি এনালাইসিস) [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ০২ | সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী [সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোনো আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে] | |
| ১৩ | টেকনিক্যাল এ্যাটেনডেন্ট (ওয়্যার হাউজম্যান) [গ্রেড-১৭] | ২০,৪০০/- | ০১ | যেকোন শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি বা সমমানের বিজ্ঞান শিক্ষাসহ সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোনো আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় স্টোর কিপিং কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা | |
| ১৪ | টেকনিক্যাল এ্যাটেনডেন্ট (রেকর্ড কিপার) [গ্রেড-১৭] | ২০,৪০০/- | ০১ | যেকোন শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি বা সমমানের বিজ্ঞান শিক্ষাসহ সশস্ত্র বাহিনী, বাংলাদেশ পুলিশ বা অন্য কোনো আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থায় রেকর্ড কিপিং কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা | |
| ১৫ | জুনিয়র টেকনিক্যাল এ্যাটেনডেন্ট [গ্রেড-১৮] | ১৮,৬০০/- | ০৩ | যেকোন শিক্ষা বোর্ডের অধীনে সরকার অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি বা সমমানের বিজ্ঞান শিক্ষা | |

**খ. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের On-site Fire Station-এর জন্য জনবল :**

| নং | পদের নাম ও গ্রেড | মাসিক মূল বেতন (টাকা) | পদ সংখ্যা | ন্যূনতম অভিজ্ঞতা ও বিশেষ যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতা | আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | ফায়ার অফিসার [গ্রেড-১০] | ৪৮,০০০/- | ০১ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পরিচালিত Fire Safety Manager Course শিরোনামের প্রশিক্ষণ<br>অথবা<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সমমানের কর্মকর্তাগণের জন্য আবশ্যকীয় প্রশিক্ষণ | সরকার অনুমোদিত যেকোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা<br>এসএসসি থেকে স্নাতক পর্যন্ত প্রতিটি পাবলিক পরীক্ষার ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ এবং ৪.০০ এর মধ্যে ২.৫০ [সনাতন পদ্ধতিতে ন্যূনতম ২য় বিভাগ বা ২য় শ্রেণি] থাকতে হবে | • আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ১-নং ও ৩-নং ক্রমিকের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর এবং অন্যান্য ক্ষেত্রে সর্বনিম্ন ২৩ (তেইশ) বছর ও সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বছর।<br>• অগ্নি নির্বাপক গাড়িচালক ও ফায়ার ফাইটারের ক্ষেত্রে শারীরিক যোগ্যতা :<br>পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৩২ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি; ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের এবং ক্রটিমুক্ত শারীরিক গঠন থাকতে হবে।<br>নারী প্রার্থীদের ক্ষেত্রে : ন্যূনতম উচ্চতা ৫ ফুট ১ ইঞ্চি, ন্যূনতম বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ২৮ ইঞ্চি ও সম্প্রসারিত অবস্থায় ৩০ ইঞ্চি; ওজন বয়স ও উচ্চতার সাথে অনুমোদিত ন্যূনতম পরিমাপের এবং ক্রটিমুক্ত শারীরিক গঠন থাকতে হবে। |
| ২ | অগ্নি নির্বাপক গাড়িচালক [গ্রেড-১৩] | ৩১,২০০/- | ১০ | (১) গাড়ী চালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা<br>(২) ভারী গাড়ী চালনার লাইসেন্স | সরকার অনুমোদিত যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ণ | |
| ৩ | ফায়ার ফাইটার [গ্রেড-১৭] | ২০,৪০০/- | ২৩ | ফায়ার ফাইটার হিসেবে বা ফায়ার ফাইটিংয়ের কাজে ন্যূনতম ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা | সরকার অনুমোদিত যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম জিপিএ/সিজিপিএ ২.৫০-সহ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |
| ৪ | মেকানিক [গ্রেড-১৭] | ২০,৪০০/- | ০১ | ভারী যানবাহন মেরামত কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা | সরকার অনুমোদিত যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে পঞ্চম শ্রেণী উত্তীর্ণ | |
| ৫ | ওয়ার্কশপ হেলপার [গ্রেড-১৯] | ১৭,৪০০/- | ০১ | ভারী যানবাহন মেরামত কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা | | |
| ৬ | অটো ইলেক্ট্রিশিয়ান [গ্রেড-১৯] | ১৭,৪০০/- | ০১ | অটো ইলেক্ট্রিশিয়ানের কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা | | |
| ৭ | হোজ রিপেয়ারার [গ্রেড-১৯] | ১৭,৪০০/- | ০১ | হোজ রিপেয়ারারের কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা | | |
| ৮ | টায়ারম্যান [গ্রেড-১৯] | ১৭,৪০০/- | ০১ | টায়ারম্যানের কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা | | |

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ২ (দুই) বছর প্রবেশনকাল গণ্য হবে, তবে তা প্রবেশনকালীন প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্সের ভিত্তিতে বর্ধিত করা হতে পারে।

২. প্রবেশনকাল সফলভাবে সমাপ্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/নিশ্চিতকরণ করা হবে।

৩. কর্মস্থল এনপিসিবিএল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৪. উপরের সকল টেবিলে ৩-নং কলামে বর্ণিত হারে মাসিক মূল বেতন এবং কোম্পানীর নিয়ম অনুসারে অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি সার্ভিস রেগুলেশন্সের বিধান মোতাবেক প্রযোজ্য পরিমাণ অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে; এবং ঘোষণা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসানসহ যেকোন আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্যসহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ২২ জানুয়ারি ২০২৬ তারিখ থেকে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে। প্রত্যেক প্রার্থীকে http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে আবেদন নিশ্চিত করতে হবে।

২. **একই পদের জন্য পূর্বে আবেদনকারী আগ্রহী প্রার্থীদের পুনরায় আবেদন করতে হবে।**

৩. কোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" প্রদর্শন করতে হবে; সে লক্ষ্যে প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে NOC সংগ্রহ করতে হবে।

৪. লিখিত এবং/অথবা ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ, সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই এবং প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যেকোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যেকোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.gov.bd

কোম্পানী সেক্রেটারী